

জেলা প্রতিনিধি | ঢাকা | 24 April, 2025

মুন্সিগঞ্জের গজারিয়ায় টেংগারচর ইউনিয়ন এর মধ্য ভাটের চর গ্রামের শাহ আলম মিয়ান (৪২) তিনটি গরু চুরি হয়েছে। বুধবার (২৩ এপ্রিল) রাত আনুমানিক দুই টার পর গরু চুরি হয়েছে বলে জানা যায়। গরু মালিক শাহআলম জানান, আমার তিনটি গরু ছিলো যার আনুমানিক মূল্য আড়াই লক্ষ টাকার বেশি হবে। আগামী কুরবানির ঈদে এগুলো বিক্রির জন্য লালন পালন করা হচ্ছিলো।

আমার মোট সাতটি গরু ছিলো গতকাল রাতে দেড়টায় আমার গোয়াল ঘরে ঢুকে দেখি গরু শুয়ে আছে। কিন্তু রাত প্রায় তিন টায় অন্যান্য গরুর ডাক চিৎকারে ছুটে গিয়ে দেখি আমার তিনটে লাল গরু নাই। বিভিন্ন এলাকায় খোজাখুজি করেও আমার গরু পাওয়া যায় নি। এবিষয়ে গজারিয়া থানার অফিসার ইনচার্জ আনোয়ার আলম বলেন, চুরির বিষয়টি আমার জানা নেই। তবে পুলিশ চুরি ছিনতাই রোধে কাজ করে যাচ্ছে।

চুরি কৃষক গরু গরু চুরি